যুগান্তর

09 NOV 2008
পৃষ্ঠা - ৩ কলাম - ৭

# রাবির ৩ শতাধিক শিক্ষক কাজ করছেন বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে

রাজশাহী ব্যুরো

বিশ্ববিদ্যালয়ের আইন লংঘন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতির ছাড়াই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষক সরকারের অনুমোদনহীন বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নিয়মিত ক্লাস নিচ্ছেন। 'পার্টটাইম জব' হিসেবে প্রাথমিক পর্যায়ে তারা এ কাজ শুরু করলেও নিজ বিভাগের কার্যক্রমের চেয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমেই তারা বেশি সক্রিয় থাকেন বলে অভিযোগ উঠেছে। ফলে রাবি'র বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের দীর্ঘস্থায়ী সেশনজটে পড়ার এটিও একটি কারণ বলে মনে করছেন সংশ্লিষ্টরা। শিক্ষকদের ব্যস্ততার কারণে পরীক্ষা শেষ হওয়ার ৭-৮ মাসেও ফল প্রকাশ করা যায় না বলে জানা গেছে।

চাকরি বিধি লংঘন করে রাবি'র বাণিজ্য, বিজ্ঞান, আইন, জীব ও ভূ-বিজ্ঞান, সামাজিক ও কলা অনুষদসহ রাবি'র বিভিন্ন ইন্সটিটিউটের অনেক শিক্ষক রাজশাহী মহানগরীর বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত রয়েছেন। এসব শিক্ষক রাজশাহী মহানগরীতে যত্রতত্র গজিয়ে ওঠা কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সরকারি অনুমোদনহীন আউটার ক্যাম্পাসে নিয়মিত ক্লাস নেন। রাজশাহীর বাইরে ঢাকা এবং খুলনাসহ বেশ কয়েকটি শহরের বেসরকারি বিশ্ববিদ্যালয়েও তারা গিয়ে ক্লাস নেন। শিক্ষকদের অনেকেই বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাড়াও বিভিন্ন এনজিও, বিসিএস কোচিং এবং বেসরকারি প্রতিষ্ঠানে কনসালটেন্সির কাজেও নিয়োজিত রয়েছেন।

রাবি প্রশাসনের একটি সূত্রে জানা গেছে, ২০০১ সালের ২৬ ও ২৭ আগস্ট অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ৩৬৭তম সিন্ডিকেট সভায় ১৫৮ নং সিদ্ধান্তে পূর্ণকালীন শিক্ষকদের 'পার্টটাইম জব' ও 'কনসালটেন্সি' করার নীতিমালা প্রণয়ন করা হয়।